



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)



উপানুষ্ঠানিক পত্র নং- ৫২.০১.০০০০.৯০৩.১৮.০০১.১৯-০২৯

তারিখ: ১৭ জানুয়ারি ২০২২ খ্রি.

বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেডিচার, রিসোর্স, ওয়াস্ট ম্যানেজমেন্ট, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ২০২১ শীর্ষক জরিপে তথ্য-উপাত্ত সংগ্রহে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

স্বিঃ মহোদয়,

পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ৬ অনুসারে সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ করার নিমিত্ত জাতীয় হিসাব, মূল্যস্ফীতি, আর্থ-সামাজিক, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, অর্থনৈতিক, শিল্প ও বাণিজ্য, জনতত্ত্ব, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জলবায়ু, দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আইনগত দায়বদ্ধতা রয়েছে।

০২। পরিবেশগত দূষণ বর্তমানে প্রধান ও গুরুতর সমস্যাসমূহের মধ্যে অন্যতম। পরিবেশগত দূষণের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে উদ্ভিদ ও প্রাণীকুল, সর্বোপরি ঋৎস হচ্ছে বাত্বুসংস্থান ব্যবস্থা, যা দিন দিন ভয়ংকর রূপ ধারণ করছে। সুতরাং, পরিবেশগত সংরক্ষণ সমাজ এবং রাষ্ট্রের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। অপরদিকে, উদ্ভিদ ও প্রাণীকুলের টিকে থাকা সম্পূর্ণরূপে প্রাকৃতিক সম্পদের উপর নির্ভর করে। পরিবেশগত জীববৈচিত্র্য সুরক্ষাসহ ভবিষ্যত প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা একান্ত অপরিহার্য। পাশাপাশি পরিবেশগত সুরক্ষা এবং দূষণ হ্রাসের লক্ষ্যে টেকসই বর্জ্য ব্যবস্থাপনার গুরুত্বও অপরিহার্য। টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশগত স্বাস্থ্যের গুণগতমান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। দুর্বল ও অকার্যকর বর্জ্য ব্যবস্থাপনা জলবায়ু পরিবর্তন, পানি, বায়ু ও মাটি দূষণের অন্যতম প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। পরিবেশগত তথ্য-উপাত্তের অপরিপূর্ণতার কারণে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১ ও ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অর্জন প্রভৃতি বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থাকে সঠিক ও সময়োচিত তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বিবিএস এর অন্যতম দায়িত্ব।

০৩। সময়োপযোগী ও হালনাগাদ তথ্য প্রাপ্তির নিমিত্ত বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন 'পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প' এর আওতায় এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেডিচার, রিসোর্স, ওয়াস্ট ম্যানেজমেন্ট, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ২০২১ শীর্ষক জরিপ পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। এই জরিপের মূল উদ্দেশ্য হচ্ছে:

- প্রতিষ্ঠান/ সংস্থার বৈশিষ্ট্য, আর্থিক ব্যবস্থাপনাসহ আয় ও ব্যয়ের হিসাব নিরূপণ;
- পরিবেশ সংরক্ষণের জন্য পরিচালনা ব্যয়, সেবা ক্রয়ের বিপরীতে প্রদত্ত অর্থ ব্যয়ের হিসাব নিরূপণ;
- পরিবেশ সংরক্ষণের জন্য মূলধন ব্যয় এবং সুরক্ষা, দূষণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত আয় নিরূপণ;
- প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার চলতি ব্যয় ও মূলধন ব্যয় নিরূপণ;
- প্রতিষ্ঠান/ সংস্থার গবেষণা ও উন্নয়ন এবং বর্জ্য ব্যবস্থাপনার বৈশিষ্ট্যসহ আয় ও ব্যয়ের হিসাব নিরূপণ;
- সংগৃহীত বর্জ্যের বন্টন, রিসাইক্লিং, পরিত্যজন/ অপসারণ এর তথ্য-উপাত্ত সংগ্রহ; এবং
- বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও চাহিদাসমূহের তথ্য-উপাত্ত সংগ্রহ।

০৪। বর্ণিত জরিপ পরিচালনার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থার মনোনীত কর্মকর্তাগণকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান, পাইলট জরিপ পরিচালনাসহ নমুনায়ন পদ্ধতি প্রণয়ন করা হয়েছে। বিবিএস কর্তৃক নিয়োগকৃত তথ্যসংগ্রহকারী ডিজিটাল পদ্ধতিতে নমুনাভিত্তিক তথ্যসংগ্রহ কার্যক্রমে আগামী ২০ জানুয়ারি-২৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত নিয়োজিত থাকবেন। এ কার্যক্রমে আপনার প্রতিষ্ঠান/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সার্বিক সহায়তা এ জরিপ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

০৫। বর্ণিতাবস্থায়, "এনভায়রনমেন্টাল প্রটেকশন এক্সপেডিচার, রিসোর্স, ওয়াস্ট ম্যানেজমেন্ট রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ২০২১ শীর্ষক জরিপ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহে বিবিএস এর কর্মকর্তা/ তথ্যসংগ্রহকারীগণকে সার্বিক সহায়তা প্রদানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় পরামর্শ/ দিক-নির্দেশনা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি।

স্বাক্ষর

মোহাম্মদ তাজুল ইসলাম

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

জনাব মোঃ মাহবুবুর রহমান

জেলা প্রশাসক

ঠাকুরগাঁও।